

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bangladeshbank.org.bd

বিএফআইইউ সার্কুলার নং-১৩

তারিখ : ২৫ আষাঢ়, ১৪২২
০৯ জুলাই, ২০১৫

প্রধান নিবাহী/ব্যবস্থাপনা পরিচালক

সকল রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু বা পাথরের
ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী,
নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট।

**মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাৎ প্রতিরোধে সকল রিয়েল এস্টেট ডেভেলপার,
মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী,
নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট কর্তৃক অনুসরণীয় বিধানসমূহ সম্পর্কিত সার্কুলার।**

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ব) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(২০) ধারা অনুযায়ী রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্টদেরকে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে চিহ্নিত করা হয়েছে। পরবর্তীতে মানিলভারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ এর ২(১৬) উপ-বিধিতে উল্লিখিত রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহকে ডিএনএফবিপি (DNFBP-Designated Non-Financial Businesses and Professions) হিসেবে চিহ্নিত করা হয়েছে। এক্ষেপে, উক্ত আইন ও উক্ত আইনের আওতায় জারীকৃত বিধিমালায় সংশ্লিষ্ট বিধানাবলী পরিপালনে উল্লিখিত রিপোর্ট প্রদানকারী সংস্থার জন্য অনুসরণীয় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারী করা হলো :

১। সংজ্ঞা

রিয়েল এস্টেট ডেভেলপার : 'রিয়েল এস্টেট ডেভেলপার' অর্থ রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ (২০১০ সনের ৪৮ নং আইন) এর ধারা ২(১৫) এ সংজ্ঞায়িত যে কোন রিয়েল এস্টেট ডেভেলপার বা উহার কর্মকর্তা বা কর্মচারী অথবা এজেন্ট যাহারা জমি, বাসা, বাণিজ্যিক ভবন এবং ফ্ল্যাটসহ ইত্যাদির নির্মাণ ও ক্রয়-বিক্রয়ের সহিত জড়িত।

মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান : ব্যবসায়িক উদ্দেশ্যে মূল্যবান ধাতু বা পাথর^১ এবং এসব দ্বারা তৈরী কোন গহনার ক্রয়-বিক্রয়ের সাথে জড়িত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যখন একটিমাত্র লেনদেনের মাধ্যমে (১০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব অর্থের) মূল্যবান ধাতু বা পাথর এবং এসব দ্বারা তৈরী কোন গহনার ক্রয়-বিক্রয় সম্পাদন করে তখন তাদের ক্ষেত্রে এ সার্কুলারে বর্ণিত নির্দেশনাবলী পরিপালনীয় হবে।

ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী : ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী অর্থ কোন ব্যক্তি বা ব্যবসা প্রতিষ্ঠান যাহা অন্য কোন আইনে সংজ্ঞায়িত করা হয় নাই এবং যে বা যাহা কোন তৃতীয় পক্ষকে নিম্নবর্ণিত যে কোন সেবা প্রদান করিয়া থাকে :

- (১) কোন কোম্পানী (Legal person) প্রতিষ্ঠার এজেন্ট হিসাবে দায়িত্ব পালন,
- (২) কোন কোম্পানীর (Legal person) পরিচালক, সচিব হিসাবে দায়িত্ব পালন বা অন্য কাহাকেও নিয়োগ করা বা অংশীদারী ব্যবসায় অংশীদার হিসাবে দায়িত্ব পালন অথবা সমপর্যায়ের অন্য কোন দায়িত্ব পালন,
- (৩) কোন কোম্পানীর (Legal person) নিবন্ধিত এজেন্ট হিসাবে দায়িত্ব পালন,
- (৪) কোন এক্সপ্রেস ট্রাস্টের ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালন বা অন্য কাহাকেও নিয়োগ করা,

^১ মূল্যবান ধাতু বা পাথর : সোনা, রূপা, প্লাটিনাম, প্যালাডিয়াম, টাইটেনিয়াম, রেডিয়াম, অসমিয়াম, হীরা, রুবি, এমারেল্ড, টানজানাইট, এলেক্সান্ড্রাইট ও অন্যান্য এবং এদের দিয়ে তৈরী কোন গয়না।

(৫) নমিনী শেয়ারহোল্ডার বা অন্য কোন ব্যক্তির পরিবর্তে পরিচালক হিসাবে দায়িত্ব পালন বা অন্য কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা।

আইনজীবী : বাংলাদেশ বার এসোসিয়েশন এর একজন সদস্য যিনি তার গ্রাহকদের জন্য/পক্ষে নিম্নবর্ণিত কোন কাজ সম্পাদন করে থাকেন :

- (১) রিয়েল এস্টেট ক্রয়-বিক্রয়;
- (২) গ্রাহকের অর্থ, সিকিউরিটিজ এবং অন্যান্য সম্পদের ব্যবস্থাপনা;
- (৩) ব্যাংক, সঞ্চয় বা সিকিউরিটিজ সংক্রান্ত হিসাবের ব্যবস্থাপনা;
- (৪) কোম্পানী (Legal person) গঠন, পরিচালনা বা ব্যবস্থাপনার ক্ষেত্রে ভূমিকা পালন; এবং
- (৫) আইনী ব্যবস্থা (Legal Arrangement) গঠন, পরিচালনা বা ব্যবস্থাপনা এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান ক্রয়-বিক্রয়।

একাউন্টেন্ট : একাউন্টিং সার্ভিসের সাথে জড়িত যে কোন ব্যক্তি যখন গ্রাহকের জন্য/পক্ষে নিম্নবর্ণিত কোন কাজ সম্পাদন করে থাকেন বা কোন লেনদেন সম্পাদন করে থাকেন, যথা :

- (১) রিয়েল এস্টেট ক্রয়-বিক্রয়;
- (২) গ্রাহকের অর্থ, সিকিউরিটিজ এবং অন্যান্য সম্পদের ব্যবস্থাপনা;
- (৩) ব্যাংক, সঞ্চয় বা সিকিউরিটিজ সংক্রান্ত হিসাবের ব্যবস্থাপনা;
- (৪) কোম্পানী (Legal person) গঠন, পরিচালনা বা ব্যবস্থাপনার ক্ষেত্রে ভূমিকা পালন; এবং
- (৫) আইনী ব্যবস্থা (Legal Arrangement) গঠন, পরিচালনা বা ব্যবস্থাপনা এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান ক্রয়-বিক্রয়।

২। পরিপালন কাঠামোঃ

২.১। মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালা

মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদণ্ড, দেশে বিদ্যমান আইন, বিধিমালা ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন ইন্ডেক্স (বিএফআইইউ)-এর নির্দেশনাবলীর সমন্বয়ে প্রতিটি DNFBP এর নিজস্ব একটি নীতিমালা থাকবে। প্রতিটি DNFBP সময় সময় নীতিমালাটি পর্যালোচনা করবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন/পরিমার্জন করবে।

DNFBP সমূহ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে ব্যবসা প্রতিষ্ঠানের আকার ও ঝুঁকির ভিত্তিতে কর্মসূচী বাস্তবায়ন করবে যার মধ্যে নিম্নলিখিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকবে :

- (১) পরিপালন ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে একটি প্রক্রিয়া (Compliance management arrangements) ও ব্যবস্থাপনা পর্যায়ের একজন পরিপালন কর্মকর্তা মনোনয়ন;
- (২) মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়নের ঝুঁকি নিরসনের লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ যাচাই প্রক্রিয়া (Screening Mechanism) অনুসরণ যাতে এ ধরনের ঝুঁকি রোধ করা যায়;
- (৩) কর্মকর্তাদের জন্য নিয়মিত প্রশিক্ষণের আয়োজন এবং
- (৪) পরিপালন ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য স্বাধীন নিরীক্ষার ব্যবস্থা।

২.২। পরিপালন কর্মকর্তার দায়-দায়িত্ব

প্রতিটি DNFBP স্ব স্ব প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা পর্যায়ের একজন কর্মকর্তা বা উর্ধ্বতন/অভিজ্ঞ কোন কর্মকর্তাকে পরিপালন কর্মকর্তা হিসেবে মনোনীত করবে। বিদ্যমান আইন, বিধিমালা ও নির্দেশনার আলোকে প্রতিষ্ঠানের বাধ্যবাধকতা পরিপালনের জন্য উক্ত কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। পাশাপাশি উক্ত কর্মকর্তা প্রতিষ্ঠানের মনিটরিং প্রোগ্রাম বাস্তবায়ন করবেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে সন্দেহজনক লেনদেন রিপোর্ট করবেন।

৩। গ্রাহক নির্বাচন নীতিমালা

গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে প্রতিটি DNFBP এর একটি সুনির্দিষ্ট নীতিমালা থাকতে হবে। উক্ত নীতিমালায় অন্যান্য বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :

- (১) বেনামী বা ছদ্মনামের কোন গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করা যাবে না।
- (২) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সন্ত্রাস ও সন্ত্রাসীকার্যে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার কোন সাথে ব্যবসায়িক

সম্পর্ক স্থাপন করা যাবে না। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা বলতে সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩ এর ২ (ছ) নং বিধিতে সংজ্ঞায়িত রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে। এই তালিকাসমূহ http://www.un.org/sc/committees/list_compend.shtml বা http://www.bb.org.bd/aboutus/dept/bfiu/sanction_list.php ওয়েবলিংক হতে সংগ্রহ করা যাবে। বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তা বলতে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৮ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সরকার কর্তৃক সময়ে সময়ে সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা তফসিলভুক্ত কোন ব্যক্তি বা সত্তাকে বুঝাবে।

৪। গ্রাহক পরিচিতি

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে এবং DNFBP খাতকে এ বিষয়ক ঝুঁকি হতে মুক্ত রাখার জন্য গ্রাহক পরিচিতির যথাযথ তথ্য সংগ্রহ করতে হবে এবং উক্ত তথ্যের যাচাই প্রক্রিয়া সম্পাদন করতে হবে।

৪.১। গ্রাহকের সংজ্ঞা

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনায় গ্রাহক পরিচিতি ও যাচাই প্রক্রিয়ার ক্ষেত্রে গ্রাহক বলতে DNFBP এর সাথে কোনরূপ লেনদেন/ব্যবসায়িক সম্পর্ক রয়েছে এমন যে কোন ব্যক্তি বা সত্তাকে বুঝাবে।

৪.২। Customer Due Diligence

(১) Customer Due Diligence (CDD) বলতে নির্ভরযোগ্য ও স্বাধীন উৎস হতে প্রাপ্ত তথ্য, উপাত্ত ও দলিলাদির ভিত্তিতে গ্রাহকের পরিচিতি যাচাইকরণ ও সনাক্তকরণসহ অর্থের লেনদেন মনিটরিং করাকে বুঝাবে। DNFBP সমূহকে নিম্নবর্ণিত ক্ষেত্রে CDD সম্পাদন করতে হবে :

- (ক) রিয়েল এস্টেট ডেভেলপার- যখন তারা রিয়েল এস্টেট ক্রয়-বিক্রয় করে;
- (খ) মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান- যখন তারা কোন গ্রাহকের সাথে ১০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব অর্থের বা সময় সময় বিএফআইইউ কর্তৃক নির্ধারিত পরিমাণ নগদ অর্থ লেনদেন করে;
- (গ) ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী- যখন নিম্নবর্ণিত কোন দায়িত্ব সম্পাদন বা পরিচালনা করে থাকে :
 - (১) কোন কোম্পানী (Legal person) প্রতিষ্ঠার এজেন্ট হিসাবে দায়িত্ব পালন,
 - (২) কোন কোম্পানীর (Legal person) পরিচালক, সচিব হিসাবে দায়িত্ব পালন বা অন্য কাহাকেও নিয়োগ করা বা অংশীদারী ব্যবসায় অংশীদার হিসাবে দায়িত্ব পালন অথবা সমপর্যায়ের অন্য কোন দায়িত্ব পালন,
 - (৩) কোন কোম্পানীর (Legal person) নিবন্ধিত এজেন্ট হিসাবে দায়িত্ব পালন,
 - (৪) কোন এক্সপ্রেস ট্রাস্টের ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালন বা অন্য কাহাকেও নিয়োগ করা,
 - (৫) নমিনী শেয়ারহোল্ডার বা অন্য কোন ব্যক্তির পরিবর্তে পরিচালক হিসাবে দায়িত্ব পালন বা অন্য কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা।
- (ঘ) আইনজীবী, নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট- যখন তাদের গ্রাহকদের জন্য/পক্ষে নিম্নবর্ণিত কোন কাজ প্রস্তুত করে থাকে বা প্রতিপালন করে থাকে, যথা :
 - (১) রিয়েল এস্টেট ক্রয়-বিক্রয়;
 - (২) গ্রাহকের অর্থ, সিকিউরিটিজ এবং অন্যান্য সম্পদের ব্যবস্থাপনা;
 - (৩) ব্যাংক, সঞ্চয় বা সিকিউরিটিজ সংক্রান্ত হিসাবের ব্যবস্থাপনা;
 - (৪) কোম্পানী (Legal person) গঠন, পরিচালনা বা ব্যবস্থাপনার ক্ষেত্রে ভূমিকা পালন; এবং
 - (৫) আইনী ব্যবস্থা (Legal Arrangement) গঠন, পরিচালনা বা ব্যবস্থাপনা এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান ক্রয়-বিক্রয়।

এছাড়াও DNFBP সমূহকে নিম্নলিখিত ক্ষেত্রে সন্তোষজনক CDD প্রক্রিয়া সম্পাদন করতে হবে :

- (১) গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপনের সময়;
- (২) বিদ্যমান গ্রাহকের সাথে আর্থিক লেনদেন সংঘটনের সময়;
- (৩) যখন সন্দেহ করার যথেষ্ট কারণ থাকবে যে ইতোপূর্বে গ্রাহকের পরিচিতির স্বপক্ষে যে তথ্য বা দলিলাদি সংগ্রহ করা হয়েছে তা পর্যাপ্ত নয় বা সঠিক নয়;
- (৪) কোন লেনদেন মানিলভারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের সাথে জড়িত এরূপ সন্দেহ হলে।

(২) CDD সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে :

- ক) DNFBP গ্রাহকের (ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক নিয়মিত/Permanent বা সময় সময়/Occasional লেনদেন) সঠিক পরিচিতি যাচাই করার উদ্দেশ্যে নির্ভরযোগ্য, স্বাধীন উৎসের তথ্য বা দলিলাদি ব্যবহার করবে;
- খ) যদি গ্রাহকের পক্ষে অন্য কোন ব্যক্তি হিসাব পরিচালনা করে/ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করে সেক্ষেত্রে উক্ত ব্যক্তি যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কিনা তা নিশ্চিত হয়ে তার পরিচিতির যথাযথ তথ্য সংগ্রহ করতে হবে;
- গ) DNFBP হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্তকরণপূর্বক সংস্থার সন্তোষ সাপেক্ষে নির্ভরযোগ্য সূত্র হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে তার পরিচিতি নিশ্চিত করতে হবে;
- ঘ) DNFBP সমূহকে গ্রাহকের ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের উদ্দেশ্যে বুঝতে হবে এবং এ সংক্রান্ত দলিলাদি সংগ্রহ করতে হবে;
- ঙ) DNFBP সমূহকে গ্রাহকের ব্যবসায়িক সম্পর্কের উপর CDD প্রক্রিয়া সম্পাদন চলমান রাখতে হবে, অর্থাৎ ব্যবসায়িক সম্পর্ক চলাকালীন সময়ের সকল লেনদেন যাচাই করতে হবে যাতে DNFBP সমূহ কর্তৃক গ্রাহকের বিষয়ে সংগৃহীত তথ্য যেমন ব্যবসার প্রকৃতি, অর্থের উৎস, রিস্ক প্রোফাইল এর সাথে লেনদেনসমূহের সামঞ্জস্যতার বিষয়ে নিশ্চিত হওয়া যায়।

8.৩। কোম্পানী (Legal persons) এবং আইনী ব্যবস্থা (Legal arrangements) এর জন্য সুনির্দিষ্টভাবে প্রয়োজনীয় Customer Due Diligence সম্পাদন

(১) যেসব গ্রাহক কোন কোম্পানী অথবা আইনী ব্যবস্থা এর অন্তর্ভুক্ত, DNFBP সেসব গ্রাহকের ব্যবসার প্রকৃতি, স্বত্বাধিকার এবং নিয়ন্ত্রণ কাঠামোর উপর সম্যক জ্ঞান রাখবে। যেসব গ্রাহক আইনী সত্তা অথবা আইনী ব্যবস্থা এর অন্তর্ভুক্ত, DNFBP সেসব গ্রাহককে চিহ্নিত করবে এবং নিম্নলিখিত তথ্যাবলীর ভিত্তিতে তার পরিচয় যাচাই করবেঃ

- ক) নাম, বৈধ কাঠামো এবং অস্তিত্বের প্রমাণপত্র (Proof of Existence)
- খ) আইনী সত্তা অথবা আইনী ব্যবস্থাসমূহের নিয়ন্ত্রণ এবং বাধ্যবাধকতা সম্পর্কিত ক্ষমতা এবং উক্ত আইনী সত্তা বা আইনী ব্যবস্থায় উচ্চ ব্যবস্থাপনা পর্যায়ের পদসমূহের সংশ্লিষ্ট ব্যক্তিগণের নাম
- গ) নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা এবং কার্যক্রমের প্রধান অবস্থানের (Principal Place) ঠিকানা (যদি আলাদা হয়)

(২) যেসব গ্রাহক কোন কোম্পানীর অন্তর্ভুক্ত, DNFBP সেসব গ্রাহককে চিহ্নিত করবে এবং নিম্নলিখিত তথ্যাবলীর ভিত্তিতে তার প্রকৃত সুবিধাভোগী যাচাই করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেঃ

- ক) কোম্পানীর ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী মালিকানা শেয়ার রয়েছে এইরকম ব্যক্তি/ ব্যক্তিসমূহের পরিচয়; এবং
- খ) নিয়ন্ত্রণকারী শেয়ার আছে এরূপ ব্যক্তি প্রকৃত সুবিধাভোগী কী না অথবা মালিকানা শেয়ারের মাধ্যমে নিয়ন্ত্রণ করতে চায় না এরূপ কোন ব্যক্তি আছে কী না এ ব্যাপারে কোনরূপ সন্দেহ থাকলে উক্ত আইনী সত্তা বা আইনী ব্যবস্থা কোন ব্যক্তি/ব্যক্তিগণ কর্তৃক অন্য কোন উপায়ে নিয়ন্ত্রিত হলে এরূপ ব্যক্তিবর্গের পরিচয়; এবং
- গ) ক ও খ এর অধীনে কোন ব্যক্তি চিহ্নিত না হলে সংশ্লিষ্ট উচ্চ পদের ব্যবস্থাপনা কর্মকর্তার পরিচয়।

(৩) যেসব গ্রাহক আইনী ব্যবস্থার অন্তর্ভুক্ত, DNFBP সেসব গ্রাহককে চিহ্নিত করবে এবং নিম্নলিখিত তথ্যাবলীর ভিত্তিতে তার প্রকৃত সুবিধাভোগী যাচাই করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেঃ

- ক) ট্রাস্টের ক্ষেত্রে ট্রাস্ট গঠনকারী, ট্রাস্টি, রক্ষণাবেক্ষণকারী, সুবিধাভোগী অথবা সুবিধাভোগী শ্রেণী (Class of Beneficiaries) এবং ট্রাস্টের উপর চূড়ান্ত নিয়ন্ত্রণ থাকে এরূপ অন্যান্য ব্যক্তির পরিচয়;
- খ) অন্যরূপ আইনী ব্যবস্থার ক্ষেত্রে সমান অথবা সমপর্যায়ের পদধারী ব্যক্তিবর্গের পরিচয়।

8.8। CDD প্রক্রিয়া সম্পাদনের সময়সীমা

গ্রাহকের ঝুঁকি বিবেচনায় DNFBPs গ্রাহক ও প্রকৃত সুবিধাভোগীদের পরিচিতি ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের পূর্বে বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের সময় যাচাই করবে। নিম্নোক্ত উপায়ে ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের পরও যাচাইয়ের কাজ সম্পাদন করা যাবে :

- ক) বাস্তবিক অর্থে যত দ্রুত সম্ভব CDD প্রক্রিয়া সম্পাদন;
- খ) ব্যবসার স্বাভাবিক কার্যক্রমকে বাধাগ্রস্ত না করে CDD সম্পাদন;
- গ) মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি কার্যকরভাবে ব্যবস্থাপনাপূর্বক সম্পাদন।

৪.৫। বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে করণীয়

DNFBPs কে তাদের বিদ্যমান গ্রাহকদের ঝুঁকি ভিত্তিক CDD সম্পাদন করতে হবে। এসব গ্রাহকদের CDD সম্পাদনের ক্ষেত্রে ইতোপূর্বে কখন তাদের CDD সম্পাদন করা হয়েছে এবং সংগৃহীত তথ্য ও উপাত্তের সঠিকতা বিবেচনা করতে হবে।

৪.৬। CDD হালনাগাদকরণ

উচ্চ ঝুঁকিসম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে প্রতিটি লেনদেনের জন্য CDD হালনাগাদ করতে হবে এবং অন্যান্য গ্রাহকের ক্ষেত্রে একটি লেনদেন সম্পাদনের ২ বছরের মধ্যে CDD হালনাগাদ করতে হবে।

৪.৭। Customer Due Diligence সম্পাদন করা সম্ভব না হলে DNFBPs এর করণীয়

গ্রাহকের অসহযোগিতাপূর্ণ আচরণের কারণে অথবা গ্রাহকের বিষয়ে সংগৃহীত তথ্য/উপাত্ত নির্ভরযোগ্য না হলে অর্থাৎ গ্রাহক পরিচিতির সন্তোষজনক তথ্য প্রাপ্তি এবং তা যাচাই সাপেক্ষে CDD সম্পাদন করা সম্ভব না হলে DNFBP সমূহ এরূপ গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করবে না বা তাদের সাথে স্থাপিত সম্পর্ক বন্ধ করবে এবং ক্ষেত্রমত তাদের বিষয়ে সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করবে।

৪.৮। CDD এবং tipping-off

কোন গ্রাহক মানিল্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থাৎ জড়িত মর্মে সন্দেহ হলে এবং উক্ত সময়ে CDD সম্পাদন করতে গেলে গ্রাহক বিষয়টি বুঝতে পারবে মর্মে বিশ্বাস করার কারণ থাকলে CDD সম্পাদনের পরিবর্তে সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করতে হবে।

৪.৯। সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহকের (Non face to face customer) ক্ষেত্রে করণীয়

DNFBPs তাদের সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহককে সেবা প্রদানের ক্ষেত্রে মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাৎ ঝুঁকি নিরূপণ এবং ঝুঁকি নিরসনের নীতি ও পদ্ধতি প্রণয়ন করবে এবং সময় সময় তা পর্যালোচনা করবে।

৪.১০। নতুন সেবা বা প্রযুক্তি (New Service or Technology) গ্রহণের ক্ষেত্রে করণীয়

DNFBPs কর্তৃক নির্ভর নতুন কোন সেবা বা পদ্ধতি (যেমন- ইন্টারনেটের মাধ্যমে লেনদেন, ইলেকট্রনিক কার্ড ইত্যাদি) এর প্রচলন বা প্রচলিত সেবা বা পদ্ধতির উন্নয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত সেবা বা পদ্ধতির মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাৎ ঝুঁকি চিহ্নিত করবে, তার মাত্রা নিরূপণ করবে এবং এরূপ সেবা বা পদ্ধতি হতে সৃষ্ট ঝুঁকি মোকাবেলার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৪.১১। Politically Exposed Persons (PEPs) এর ক্ষেত্রে করণীয়

Politically Exposed Persons (PEPs) এর সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে CDD সম্পাদনের পাশাপাশি নিম্নের নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে :

- ক) DNFBPs কে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী PEPs কিনা তা নির্ধারণ করার জন্য ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি গ্রহণ করতে হবে;
- খ) কোন PEP এর হিসাবের অর্থ বা সম্পদের উৎস জানার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- গ) তাদের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের পূর্বে (অথবা সম্পর্ক চলমান রাখার পূর্বে) উপযুক্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের বা উর্ধ্বতন ব্যক্তির অনুমোদন গ্রহণ করতে হবে;
- ঘ) তাদের সাথে স্থাপিত ব্যবসায়িক সম্পর্ক নিয়মিতভাবে মনিটর করতে হবে।

Politically Exposed Persons (PEPs) বলতে “individuals who are or have been entrusted with prominent public functions by a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials” কে বুঝাবে।

PEPs এর পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও উপরোক্ত নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে। এ অনুচ্ছেদে উল্লিখিত ‘PEPs’ হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না।

৪.১২। প্রভাবশালী ব্যক্তির ক্ষেত্রে করণীয়

DNFBPs কে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী প্রভাবশালী কোন ব্যক্তি কিনা তা নির্ধারণ করতে হবে। এ ধরনের গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে অনুচ্ছেদ ৪.১০ এর ক হতে ঘ ক্রমিকে বর্ণিত নির্দেশনা পরিপালন করতে হবে।

প্রভাবশালী ব্যক্তি বলতে “individuals who are or have been entrusted domestically with prominent public functions, for example Head of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials” কে বুঝাবে।

প্রভাবশালী কোন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য নির্দেশনা তাদের পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও প্রযোজ্য হবে। এ অনুচ্ছেদে উল্লিখিত ‘প্রভাবশালী ব্যক্তি’ হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না।

৪.১৩। আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে করণীয়

DNFBPs কে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী কোন আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা কিনা তা নির্ধারণ করতে হবে। এ ধরনের গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে অনুচ্ছেদ ৪.১০ এর ক হতে ঘ ক্রমিকে বর্ণিত নির্দেশনা পরিপালন করতে হবে।

আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা বলতে “persons who are or have been entrusted with a prominent function by an international organization refers to members of senior management, i.e. directors, deputy directors and members of the board or equivalent functions” কে বুঝাবে।

আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য নির্দেশনা তাদের পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও প্রযোজ্য হবে। এ অনুচ্ছেদে উল্লিখিত ‘আন্তর্জাতিক সংস্থার প্রধান’ বা ‘উচ্চ পর্যায়ের কর্মকর্তা’ হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না।

৪.১৪। Enhanced Due Diligence (EDD)

যেসকল ক্ষেত্রে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি অধিকতর মর্মে প্রতীয়মান হয় সেসব ক্ষেত্রে DNFBPs কে Enhanced CDD সম্পাদন করতে হবে। এক্ষেত্রে DNFBPs অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন চিহ্নিতকরণের নিমিত্তে গ্রাহকের হিসাব/ব্যবসায়িক সম্পর্ক/লেনদেন নিয়মিত ও নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে। Enhanced CDD এর জন্য রিপোর্ট প্রদানকারী সংস্থাগুলো গ্রাহক/ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারী ব্যক্তি/সত্তার সম্বন্ধে অতিরিক্ত তথ্য (পেশা, সম্পদের পরিমাণ, লেনদেনের ব্যাখ্যা ইত্যাদি) সংগ্রহ করবে এবং নিয়মিত বিরতিতে তা পরিমার্জন করবে।

৪.১৫। তৃতীয় পক্ষের উপর নির্ভরতা (Reliance on Third Parties)

DNFBPs সে সব পরিসেবা প্রদানকারী যারা যোগ্যতাসম্পন্ন এবং যে দেশে নিবন্ধিত সে দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে নিয়ন্ত্রিত ও পরিবক্ষিত তাদের কাছ থেকে পরিপালন প্রক্রিয়া সম্পাদনের জন্য প্রযুক্তিগত দিক নিম্নলিখিত ক্ষেত্রে আউটসোর্স করতে পারবে :

- (১) পরিপালন পরিসেবা প্রদানকারীর কাছ থেকে যখন দ্রুততার সাথে CDD সংক্রান্ত তথ্য সংগ্রহ করা সম্ভব হবে;
- (২) কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধের প্রেক্ষিতে গ্রাহকের পরিচিতিমূলক তথ্যের কপিসহ CDD সম্পাদনের প্রক্রিয়ায় প্রয়োজনীয় সকল দলিলাদি যখন দ্রুততার সাথে সংগ্রহ করতে পারবে।

তবে পরিপালন পরিসেবা প্রদানকারীর সাথে গ্রাহক সনাক্তকরণ ও যাচাইকরণের ব্যবস্থা থাকলেও এ বিষয়ক চূড়ান্ত দায়-দায়িত্ব DNFBPs এর উপর বর্তাবে।

৫। উচ্চ ঝুঁকিসম্পন্ন দেশের ব্যক্তি বা সত্তার সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন

যেসব দেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ/উল্লেখযোগ্য পরিমাণ ঘাটতি রয়েছে (যেমন : ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্কফোর্সের পাবলিক ডকুমেন্টে High Risk and Non-Cooperative Jurisdictions হিসেবে তালিকাভুক্ত দেশ) এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত দেশের কোন ব্যক্তি বা সত্তার (আইনগত প্রতিনিধি, আর্থিক প্রতিষ্ঠানসহ যে কোন প্রতিষ্ঠান) সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন ও বজায় রাখা এবং লেনদেন সম্পাদনের ক্ষেত্রে অধিকতর সতর্কতামূলক Enhanced Due Diligence সম্পন্ন করতে হবে।

৬। নগদ লেনদেন রিপোর্ট (Cash Transaction Report-CTR)

DNFBPs যখন কোন গ্রাহকের সাথে ১ (এক) দিনে ১০(দশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব পরিমাণ নগদ অর্থের লেনদেন করবে তখন বিএফআইইউ বরাবরে নগদ লেনদেন রিপোর্ট দাখিল করবে। বিএফআইইউ সময়ে সময়ে এ সংক্রান্ত রিপোর্টিং ফরম্যাট প্রদান করবে। DNFBPs নগদ লেনদেন রিপোর্ট এর তথ্যাদি বিএফআইইউ এ দাখিলের মাস হতে কমপক্ষে ৫(পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করবে।

৭। সন্দেহজনক লেনদেন রিপোর্ট (Suspicious Transaction Report-STR)

- (১) মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৬(১) ধারায় বর্ণিত নির্দেশ বাস্তবায়নের নিমিত্তে প্রত্যেক DNFBP এর প্রত্যেক কর্মকর্তা দৈনন্দিন লেনদেন বা কার্যক্রমে সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকবেন;
- (২) সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে DNFBPs মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(১৬) ধারায় বর্ণিত সংজ্ঞা বিবেচনা করবেন;
- (৩) গ্রাহকের কোন লেনদেন বা কার্যক্রম DNFBPs কর্তৃক সন্দেহজনক হিসেবে বিবেচিত হলে তা অবিলম্বে সকল তথ্য-উপাত্ত ও প্রয়োজনীয় দলিলাদিসহ **পরিশিষ্ট-১** এ সংযুক্ত ফরম ব্যবহার করে বিএফআইইউ বরাবর সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করবে;
- (৪) সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে DNFBPs এর জন্য জারীকৃত গাইডলাইন্সে বর্ণিত সন্দেহজনক লেনদেনের নির্দেশকসমূহ বিবেচনা করতে হবে;
- (৫) মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান যখন কোন গ্রাহকের সঙ্গে ১০ (দশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব বা সময় সময় বিএফআইইউ কর্তৃক নির্ধারিত পরিমাণ নগদ অর্থ লেনদেন করে তখন সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করবে;
- (৬) আইনজীবী, নোটারী, অন্যান্য স্বাধীন আইনী পেশাজীবী এবং একাউন্টেন্ট যখন গ্রাহকের পক্ষে ৪.২(১)(গ) এ বর্ণিত কার্যাবলী সম্পাদনকালে যেসকল আর্থিক লেনদেন করে সেসবক্ষেত্রে সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করবে;
- (৭) ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী যখন গ্রাহকের পক্ষে ৪.২(১)(ঘ) এ বর্ণিত কার্যাবলী সম্পাদনকালে যেসকল আর্থিক লেনদেন করে সেসবক্ষেত্রে সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করবে;
- (৮) DNFBPs সন্দেহজনক লেনদেন রিপোর্ট এর তথ্যাদি বিএফআইইউ কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সংরক্ষণ করবে;
- (৯) রিয়েল এস্টেট ডেভেলপার ও এজেন্ট, মূল্যবান ধাতু ও মূল্যবান পাথরের ব্যবসা প্রতিষ্ঠান এবং ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী অনুচ্ছেদ ৪.২(১) এ বর্ণিত কার্যাবলী সম্পাদন করার সময় CTR ও STR দাখিলের উদ্দেশ্যে বিএফআইইউ তে নিবন্ধন করবে এবং তাদের মালিক, সুবিধাভোগী মালিক বা ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ এর কোন ক্রিমিনাল রেকর্ড নেই মর্মে বাংলাদেশ পুলিশের সত্যায়িত প্রতিবেদন বিএফআইইউ বরাবরে দাখিল করবে; এবং
- (১০) আইনজীবী, নোটারী, অন্যান্য স্বতন্ত্র আইনী পেশাজীবী এবং একাউন্টেন্ট অনুচ্ছেদ ৪.২(১) এ বর্ণিত কার্যাবলী সম্পাদনকালে CTR ও STR দাখিলের উদ্দেশ্যে বিএফআইইউ তে নিবন্ধন করবে এবং তাদের কারও ক্রিমিনাল রেকর্ড নেই মর্মে বাংলাদেশ পুলিশের সত্যায়িত প্রতিবেদন বিএফআইইউ বরাবরে দাখিল করবে।

৮। Tipping-off এবং গোপনীয়তা সংরক্ষণ

DNFBP এবং তাদের পরিচালক, কর্মকর্তা, কর্মচারী বিএফআইইউ বরাবরে দাখিলকৃত সন্দেহজনক লেনদেন রিপোর্ট করার বিষয়টি কোনভাবেই প্রকাশ করবে না। তবে স্বাধীন আইন পেশাজীবী হিসেবে কর্মরত আইনজীবী, নোটারী, অন্যান্য স্বতন্ত্র আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট যখন কোন গ্রাহককে অবৈধ কাজ করা থেকে বুঝিয়ে নিরস্ত করার চেষ্টা করেন তখন তা Tipping-off হিসেবে বিবেচিত হবে না।

৯। Risk-Based Approach অনুসরণ

DNFBPs কে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি চিহ্নিতকরণ, মান নির্ধারণ ও অনুধাবন করতে হবে (গ্রাহক, দেশ, পণ্য, সেবা, লেনদেন বা সেবা প্রদানের মাধ্যমের জন্য)। প্রতিটি DNFBP কে ঝুঁকির মান নির্ধারণ ও চিহ্নিত ঝুঁকি মোকাবেলায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের পূর্বে সকল রিস্ক ফ্যাক্টরকে বিবেচনা করতে হবে। DNFBP সমূহ Risk Assessment Report তৈরি এর জন্য বিএফআইইউ বরাবরে প্রেরণ করবে। DNFBPs ভেটিংকৃত Risk Assessment Report অনুসারে নিম্ন ও মাঝারি মানের ঝুঁকির ক্ষেত্রে CDD সম্পাদন করবে এবং উচ্চ ঝুঁকির ক্ষেত্রে EDD সম্পাদন করবে। প্রতিটি DNFBP ২ বছর অন্তর অন্তর বা প্রতিষ্ঠানের কার্যক্রমে উল্লেখযোগ্য পরিবর্তন হলে Risk Assessment রিপোর্ট আপডেট করবে।

১০। সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ (Prevention of Financing of Terrorism and Financing of Proliferation of Weapons of Mass Destruction)

- (১) প্রতিটি DNFBP সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সংক্রান্ত লেনদেন প্রতিরোধ ও সনাক্ত করার লক্ষ্যে একটি পদ্ধতি প্রতিষ্ঠা করবে, তাদের কর্মকর্তাদের দায়দায়িত্ব সম্পর্কিত নির্দেশনা জারী করবে, সময় সময় তা পর্যালোচনা করবে এবং বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করবে।
- (২) সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সম্পর্কিত সংবাদ গণমাধ্যমে প্রকাশ হবার সাথে সাথে উক্ত কর্মকাণ্ডের সাথে জড়িত কোন ব্যক্তি বা সত্তার কোন ব্যবসায়িক সম্পর্ক থাকলে এ বিষয়ক বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট DNFBP কর্তৃক অবিলম্বে বিএফআইইউ বরাবরে প্রেরণ করতে হবে।
- (৩) প্রতিটি DNFBP জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার হালনাগাদ তথ্য ইলেক্ট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ করবে। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার সংজ্ঞা এ সার্কুলারের ২(২) অনুচ্ছেদে প্রদান করা হয়েছে।
- (৪) প্রতিটি DNFBP জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোন রেজুলেশনের আওতায় বা বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তার নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তি বা সত্তার সাথে ব্যবসায়িক সম্পর্ক রয়েছে কিনা বা কোন লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য DNFBP নিয়মিত লেনদেন মনিটর করবে এবং প্রয়োজনে লেনদেন পর্যালোচনা করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তা অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তি বা সত্তার সাথে ব্যবসায়িক সম্পর্ক বা লেনদেন চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট DNFBP অবিলম্বে এ বিষয়ক বিস্তারিত তথ্য বিএফআইইউ বরাবরে প্রেরণ করবে।
- (৫) জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলেশন ১৩৭৩ (২০০১) এর আওতায় বিদেশী সরকার বা বিদেশী এফআইইউ এর অনুরোধে বিএফআইইউ হতে প্রেরিত বা উক্ত রেজুলেশনের আওতায় বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তার সাথে ব্যবসায়িক সম্পর্ক রয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য DNFBP নিয়মিত লেনদেন মনিটর করবে এবং প্রয়োজনে লেনদেন পর্যালোচনা করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তার সাথে ব্যবসায়িক সম্পর্ক চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট DNFBP অবিলম্বে এ বিষয়ক বিস্তারিত তথ্য বিএফআইইউ বরাবরে প্রেরণ করবে।

১১। নিয়োগ ও প্রশিক্ষণ

১১.১। নিয়োগ

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়নের ঝুঁকি নিরসনের লক্ষ্যে প্রতিটি DNFBP তাদের বিভিন্ন নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ যাচাই প্রক্রিয়া (Screening Mechanism) অনুসরণ করবে যাতে কোন স্তরের কর্মকর্তার মাধ্যমে তারা এ ধরনের ঝুঁকির সম্মুখীন না হয়।

১১.২। প্রশিক্ষণ

- (১) মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে প্রত্যেক DNFBP তাদের সকল কর্মকর্তাদের আন্তর্জাতিক মানদণ্ড, দেশে বিদ্যমান আইন, বিধিমালা ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-এর নির্দেশনা যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবে।
- (২) একই ইন্ডাস্ট্রি/সেক্টরে কার্যরত প্রতিষ্ঠানসমূহ যৌথভাবে তাদের কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে পারে।

১২। রেকর্ড এবং প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সংরক্ষণ :

- (১) গ্রাহকের দেশে ও বিদেশে সংঘটিত লেনদেন সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য বা দলিলাদি লেনদেন সংঘটিত হওয়ার তারিখ হতে অন্যান্য ৫(পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করতে হবে;
- (২) গ্রাহকের CDD প্রক্রিয়া সম্পাদনকালে সংগৃহীত সকল তথ্য ও দলিলাদি, হিসাব সংক্রান্ত দলিলাদি, ব্যবসায়িক পত্র যোগাযোগ এবং কোন গ্রাহকের বিষয়ে কোন প্রতিবেদন প্রণীত হলে এ সকল তথ্যাদি/দলিলাদি গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক বন্ধ হওয়ার বা একটি সময়ান্তে (Occasional) লেনদেন সংঘটনের তারিখ হতে অন্যান্য ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

(৩) সংরক্ষিত তথ্যাদি অপরাধ কার্যক্রমের বিচারিক প্রক্রিয়ায় দালিলিক প্রমাণ হিসেবে উপস্থাপন করার ক্ষেত্রে যথেষ্ট হতে হবে;

(৪) DNFBPস গ্রাহকের KYC সহ CDD প্রক্রিয়া সম্পাদনকালে গৃহীত সকল তথ্য ও দলিলাদি এবং লেনদেন সংক্রান্ত তথ্য ও দলিলাদি বিএফআইইউ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষের চাহিদা বা নির্দেশনা মোতাবেক সরবরাহ করবে।

এ সাকুলারের নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনী : ১ (এক) পৃষ্ঠা।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নাসিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৮

প্রতিলিপি নং-বিএফআইইউ(পলিসি)-৩/২০১৫-

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :- (জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী নয়)

১. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, দিলকুশা বা/এ, ঢাকা।
৬. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৭. ডাইরেক্টর, ট্রেড অর্গানাইজেশন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রেসিডেন্ট, বাংলাদেশ বার কাউন্সিল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
৯. প্রেসিডেন্ট, আইসিএবি, কারওয়ান বাজার, ঢাকা।
১০. প্রেসিডেন্ট, আইসিএমএবি, নীলক্ষেত, ঢাকা।
১১. প্রেসিডেন্ট, , রিহাব, ১/জি, ন্যাশনাল প্লাজা, ফ্রি স্কুল স্ট্রীট, সোনারগাঁও রোড, ঢাকা।
১২. প্রেসিডেন্ট, , বাংলাদেশ জুয়েলার্স সমিতি, ৩ বায়তুল মোকাররম মার্কেট (তৃতীয় তলা), ঢাকা।
১৩. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
১৪. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকার্স, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১৫. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।
১৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক ও সকল আর্থিক প্রতিষ্ঠান।
১৭. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৮. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৯. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২০. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়/ মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা।
২১. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
২২. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।



(আবুল জান্নাত জীবন)

সহকারী পরিচালক

ফোনঃ ৯৫৩০০১০-৭৫/২৪৯৭

ই-মেইল- abul.jannat@bb.org.bd

SUSPICIOUS TRANSACTION REPORT (STR) FORM**A. Reporting Person/Institution:**

1. Name of the Person/Institution:
2. Service Place of the Person/Institution:

B. Details of Report:

1. Date of sending report:
2. Is this the addition of an earlier report? Yes No
3. If yes, mention the date of previous report

C. Suspect Details:

1. Name:
2. Address:
3. Profession/Business:
4. Nationality/Ownership status:
5. Father's name/ Proprietor's name:
6. Mother's Name (where necessary):
7. Date of birth (where necessary):
8. Place of birth:
9. Passport No.
10. National Identification No.
11. Birth Registration No.
12. Contact Details:
Mobile No-
Email-
13. Any other important Information:

D. Suspicious Transaction/Attempted Transaction Details :

Sl. no.	Date	Amount	Type

E. Reasons for considering the transaction(s) as unusual/suspicious?

(Mention summary of suspicion and consequence of events)
(Use separate sheet, if needed)

F. List of Documents attached with the report

Signature:
(Compliance Officer)
Name:
Designation:
Phone No:
Date: